ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৩১

ধর্মনগর, ১ নভেম্বর, ২০২৫

**কদমতলায় ডেঙ্গু রোগ প্রতিরোধে**
**স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত**

ডেঙ্গু রোগ প্রতিরোধে স্বাস্থ্য কর্মীদের এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয় উত্তর ত্রিপুরা জেলার কদমতলায়। গত ২৯ অক্টোবর উত্তর ত্রিপুরা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে কদমতলা সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে এক দিবসীয় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ শিবিরে উত্তর ত্রিপুরা জেলায় কর্মরত কমিউনিটি হেলথ অফিসার ও মাল্টিপারপাস ওয়ার্কার যারা মূলত ক্ষেত্রপর্যায়ে কাজ করে, তারা অংশগ্রহণ করে। এই কর্মসূচিতে রিসোর্স পার্সন হিসাবে স্বাস্থ্য কর্মীদের ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ দেন ডা. সন্দীপ দেব ও ডা. সৌম্য কান্তি সিনহা। ডেঙ্গু জ্বরের লক্ষন, চিকিৎসা নিয়ে আলোচনার পাশাপাশি বাড়ির আশে পাশে টায়ার, ভাঙ্গা পাত্র, ফুলের টব ইত্যাদিতে যাতে জল না জমে তার উপর গুরুত্বারোপ করা হয়।

******